গাংনীতে পিকআপের ধাক্কায় তামাক কোম্পানির কর্মকর্তা নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার আকুবপুর নামক স্থানে পিকআপের ধাক্কায় রিপন হোসেন (৩০) নামের এক মোটরসাইকেল আরোহী যুবক নিহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (১৪ জুলাই) সকাল পৌনে আটটার দিকে এ সড়ক দুর্ঘটনাটি ঘটে।

নিহত রিপন হোসেন গাংনী উপজেলার মাঝের গ্রামের হকাজ্জেল হোসেনের ছেলে। সে জাপান বাংলাদেশ টোব্যাকো কোম্পানির মাঠ কর্মকর্তা হিসেবে কর্মরত আছেন।

স্থানীয়রা জানান, রিপন হোসেন মোটরসাইকেল যোগে আকুবপুর নামক স্থানে পৌছানো মাত্র বিপরীত দিক থেকে আসা একটি মিনি পিকআপের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেলটি দুঁমড়ে মুচঁড়ে যায়। রিপন রাস্তার উপর পড়ে মুখোমন্ডল থেঁতলে ঘটনাস্থলেই নিহত হন।

পরে খবর বামন্দী ফায়ার সার্ভিসের একটি টীম ঘটনাস্থলে পৌছে নিহতের মরদেহ উদ্ধার করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেছেন নিহতের মরদেহ সুরোতহাল রিপোর্ট শেষে উদ্ধার প্রকিৃয়া চলছে।

মেহেরপুরে গার্ড অব অনার প্রদান ছাড়া মুক্তিযোদ্ধার

মরদেহ দাফন !

মেহেরপুরে গার্ড অব অনার ছাড়া দাফন করা হলো বীর মুক্তিযোদ্ধা শেখ সাঈদ আহমেদের মরদেহ।

আজ বুধবার দুপুর ২টার সময় মেহেরপুর শহীদ সামসুজ্জোহা পার্কে জানাযা শেষে পৌর কবরস্থানে দাফন করা হয়েছে। শেখ সাঈদ আহমেদ মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি ছিলেন। এ ঘটনায় মুক্তিযোদ্ধা ও বিএনপির মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। আগামীকাল বিএনপির পক্ষ থেকে সংবাদ সম্মেলন করা হবে বলে জানানো হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, বীর মুক্তিযোদ্ধা হিসেবে শেখ সাঈদ আহমেদের দাফনের পূর্বে গার্ড অব অনার পাওয়া উচিত ছিলো। গার্ড অব অনার প্রদানের জন্য পুলিশের একটি দলও সেখানে এসেছিলো। কিন্তু জেলা বা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ম্যাজিষ্ট্রেট না পাঠানোয় গার্ড অব অনার প্রদান ছাড়াই দাফন করা হয়েছে। এ ঘটনার তীব্র নিন্দা ও ধিক্কার জানাই। এ বিষয়ে প্রতিবাদের অংশ হিসেবে আগামীকাল সংবাদ সম্মেলনে বিস্তারিত জানানো হবে।

বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক বলেন, মেহেরপুরে ১১৮ জন মুক্তিযোদ্ধার ভাতা স্থগিত করা হয়েছে। তার মধ্যে শেখ সাঈদও আছেন। কিন্তু তিনি এখনো বাতিল হননি। যেহেতু বাতিল করা হয়নি সে হিসেবে তাঁর গার্ড অব অনার প্রাপ্য ছিলো। জেলা বা উপজেলা প্রশাসন এটা না করলে দায়ভার তাদের নিতে হবে।

সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমাণ্ডার আবুল কাশেম বলেন, যাচাই বাছাই তালিকায় শেখ সাঈদ ‘গ’ তালিকায় ছিলেন। যেহেতু বাতিল করা হয়নি, সে হিসেবে তাকে গার্ড অব প্রদান করা উচিত ছিলো।

সম্প্রতি গাংনী উপজেলার ধর্মচাকী গ্রামে ভাতা স্থগিত তালিকার মধ্যে থাকা বীর মুক্তিযোদ্ধা এলাহি বিশু মারা গিয়েছেন। তাকেও গার্ড অব অনার প্রদান করা হয়েছে বলে নিশ্চিত করেছেন গাংনীর সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমাণ্ডার মুনতাজ আলী।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেছবাহ উদ্দিন আহমেদ বলেন, গার্ড অব অনার প্রদানের জন্য পুলিশ পাঠানো হয়েছিলো। প্রশাসনের পক্ষ থেকে কেউ না আসায় পুলিশ বেশ কিছুক্ষণ অপক্ষোয় থেকে পরে

গার্ড অব অনার প্রদান না করে চলে এসেছে।

তবে, মেহেরপুর জেলা প্রশাসক ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তাকে পৃথকভাবে একাধিক ফোন করলেও তাঁরা ফোন রিসিভ করেননি।
জানা গেছে, মেহেরপুর জেলা বিএনপি’র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা শেখ সাঈদ আহমেদ (৬৫) অসুস্থ জনিত কারণে বুধবার ভোরে শহরের স্টেডিয়াম পাড়াস্থ বাসভবনে ইন্তেকাল করেন। তিনি স্ত্রী, দুই ছেলে, দুই মেয়ে, রাজনৈতিক সহচার্জ, বন্ধু বান্ধব ও অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

শেখ সাঈদ আহমেদের স্ত্রী রোমানা খাতুন মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও বর্তমানে মেহেরপুর জেলা মহিলা দলের উপদেষ্টা।

মেহেরপুরের কৃতি ছাত্রী ও জাবি শিক্ষকের বিয়ে সম্পন্ন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবাইলোজি বিভাগের প্রভাষক নাদিম শরীফের সাথে মেহেরপুরের সন্তান ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কৃতি ছাত্রী আফসানা খান দ্রুতি”র আড়ম্বরপূর্ণ বিয়ে আজ বুধবার দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে সমপন্ন হয়েছে।

আফসানা খান দ্রুতি মেহেরপুর শহরের আওয়ামীলীগ নেতা ও বিশিষ্ট ঠিকাদার জাকির হোসেন খান মিন্টু’র প্রয়াত বড় ভাই আমীনুর রহমান খান ডাকু ও ফারজানা রহমান খানের একমাত্র সন্তান। সে জাহাঙ্গীরনগর বিশ্বসবিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেছেন।

নাদিম শরীফ মেহেরপুর শহরের মল্লিকপাড়াস্থ মো: শরীফ উদ্দীন ও নাছিমা শরীফের পুত্র।

বিয়েতে মেহেরপুর জেলার রাজনীতিবিদ, শিক্ষক, সুধিসহ বিভিন্ন

শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা প্রশাসনের

কার্যালয় পরিদর্শন করলেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর জেলা প্রশাসনের কার্যালয় এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড, সৌন্দর্য বর্ধক কার্যক্রম ও ছাদ বাগান পরিদর্শন করলেন বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

আজ বুধবার সকালে নব নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের শপথ গ্রহন অনুষ্ঠানের আগ মুহূর্তে তিনি মেহেরপুর জেলা প্রশাসনে কার্যালয়টি পুরো পরিদর্শন করেন।

এ সময় তার সাথে জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর জেলা আওয়ামী সাধারণ সম্পাদক এম.এ খালেক, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম,অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদা, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা আইন-শৃঙ্খলা

কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার দুপুর সাড়ে ১২ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসনের

সম্মেলন কক্ষে এ মাসিক সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

এছাড়াও এসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধ মোহাম্মদ মোজাহিদুল ইসলাম,অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদা,মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌর সভার মেয়র আহাম্মেদ আলী, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গলায় ফাঁস লেগে ১ শিশু আহত

মেহেরপুরে রিক্সা চলাকালীন চাকার সাথে ওড়না প্যাচের কারণে গলায় ফাঁস লেগে আতিকা (১০) নামের ১ শিশু আহত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০ টার দিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (খামার বাড়ি) সামনে এ ঘটনা ঘটে।

জানা যায়, আতিকা মেহেরপুর সদর উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের আমজাদ হোসেনের মেয়ে। গ্রাম থেকে গোভিপুরে নানার বাড়িতে যাওয়ার সময় রাস্তায় তার এই ঘটনা ঘটে। সাথে থাকা ভাই তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে।

এখন আহত আতিকা মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

গাংনীর সাহারবাটিতে কৃষকের চার বিঘা জমির ফসল কেটেছে দুর্বৃত্তরা

পূর্ব শত্রুতার জের ধরে কৃষক মোহন আলী নামের এক কৃষকের চার বিঘা সবজি ক্ষেত কেটে বিনাস করেছে দুর্বৃত্তরা। সবজি ক্ষেতে লাউ ও কুমড়া আবাদ করছিলেন তিনি।

সোমবার দিনগত রাতে মেহেরপুরের গাংনীর সাহারবাটি গ্রামের আটকবর মাঠে এমন অমানবিক ঘটনা ঘটে। এতে অন্ততঃ ১০ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবী করেছেন কৃষক মোহন আলী ।

কৃষক মোহন আলী জানান, প্রতি দিনের মতো তিনি সবজি ক্ষেত পরিচর্যা শেষে সন্ধ্যায় বাড়ি ফেরেন।

আজ মঙ্গলবার সকালে ওই ক্ষেতে গিয়ে দেখেন সমস্ত লাউ ও কুমড়ার ২ হাজার গাছের গোড়া কেটে দিয়েছে দৃর্বৃত্তরা। গাছে যে পরিমান লাউ ও কুমড়া আছে তা এ মুহুর্তে বিক্রি করাও যাচ্ছে না।

একেতো ঈদের সময় অন্যদিকে পরিবহন সমস্যা প্রকট। তিনি আরো জানান, লাউ ও কুমড়ার চারা রোপন থেকে শুরু করে এ পর্যন্ত প্রায় ৫ লাখ টাকা খরচ হয়েছে।

যে মুহুর্তে ফসল বিক্রি করার সময় সেই মুহুর্তে ফসল তছরুপ করায় কৃষক মোহন আলী পথে বসেছে। মহন আলীর আবাদ তছরুপ করাই অন্যান্য কৃষকরাও আতংকিত হয়ে পড়েছেন।

স্থানীয় ইউপি সদস্য আনারুল ইসলাম জানান, আমি মহন আলীর লাউ ও কুড়ার বাগানে গিয়েছেলাম। ৫/৬মাস পরিচর্যার পর যে সময় কৃষক লাউ এবং কুমড়ার বাজারে তুলবে সেই মুহুর্তে বাগানের সব গাছ কেটে দিয়েছে এটি মধ্য যুগীয় বর্বরতা। দোষীদের আইনের আওতায় আনা প্রয়োজন।

সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জানান, দেশের সব চেয়ে বেশি সবজি উৎপাদনকারি জেলা মেহেরপুর। মেহেরপুরের অন্যান্য এলাকার সবচেয়ে বেশি সবজি উৎপাদন হয় সাহারবাটি মাঠে।

সেই মাঠের কুষের আবাদ কেটে দিয়ে সমগ্র কৃষকের ক্ষতি করেছে। যারা এই অপকর্মের সাথে জড়িত তাদের আইনের আওতায় আনতে ব্যার্থ হলে সবজি উৎপাদনে কৃষকরা নিরুৎসাহিত হবে। ফলে এলকায় সবজি ঘাটতি দেখা দেবে।

সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান জানান, আমি মহন আলির আবাদ কেটে দেয়ার বিষয়টি শুনে জমিতে গিয়েছিলাম।

প্রতিটি ডগাই লাউ ও কুমড়া হয়েছে। এমন ঘটনা ঘটতে থাকলে এবং কৃষক যদি বিচার না পাই তবে অন্যান্য কৃষকরা ফসল নিয়ে আতংকে থাকবে এব্য ফসল উৎপাদনে নিরুৎসাহি হবে।

গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন জানান, এটি শুধুমাত্র কৃষক মহন আলীর একক ক্ষতি নয়। এটি দেশের ক্ষতি। কারন এই ফসল কুষক মহন আলী একা সুবিধা ভোগ করতো না। এহেন কর্মকান্ডের নিন্দা ও দোষীদের আইনের আওতায় আনারও দাবী করনে তিনি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এবষিয়ে ক্ষতিগ্রস্থ কৃষক থানায় অভিযোগ করলে ক্ষতিগ্রস্থ কৃষককে আইনী সহায়তা প্রদান করা হবে। এবং তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

মোনাখালীতে মিডার কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

প্রতিকূলতা দূরে থাক মিডা এগিয়ে যাক এই শ্লোগানকে সামনে রেখে মুজিবনগর উপজেলার মোনাখালীতে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান ২০২২ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার সময় মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে মোনাখালী শিক্ষা উন্নয়ন সংঘ, মিডা এ কৃতি শিক্ষার্থী সংবর্ধনা আয়োজন করে।

স্থানীয় সংগঠন মিডার সভাপতি মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কৃতি শিক্ষার্থী সংবর্ধণা অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য

রাখেন মিডার উপদেষ্টা পরিষদের সদস্য ও মেহেরপুর সদর সহকারী শিক্ষা অফিসার আসাফুদ্দৌলা শামিম।

মিডার উপদেষ্টা ও রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, উপদেষ্টা ও পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিরিনা আক্তার, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাজী সাদেক আলী, মিয়া মনসুর একাডেমির সহকারী শিক্ষক বায়োজিদ হোসেন।

এছাড়া বক্তব্য রাখেন, মিডার সাধারণ পরিষদের সদস্য শাহীনুর রহমান মানিক, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, মুজিবনগর উপজেলা মুক্তিযুদ্ধ কমান্ডার আমজাদ হোসেন, সাবেক চেয়ারম্যান মাহাবুবুর রহমান ডাবলু, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক মেনেজিং কমিটির সভাপতি কামারুল ইসলাম।

সকল অতিথিবৃন্দুরা গ্রামের সকল ছাত্র – ছাত্রী ও কৃতি শিক্ষার্থীদের উদ্দেশে দিক নিদের্শনা ও লেখাপড়া মান উন্নয়ন নিয়ে কথা বলেন। সেই সাথে বিশ্ববিদ্যালয়,মেডিকেলে চাঞ্চপ্রাপ্ত ছাএ-ছাএীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানায় এবং তাদের হাতে মিডার পক্ষ থেকে ক্রেষ্ট তুলে দেওয়া হয়।

উক্ত অনুষ্টানে উপস্থিত ছিলেন সাধারণ পরিষদের সদস্য শহিদুল ইসলাম আন্টু, মিজানুর রহমান, মিডার সাবেক সভাপতি হাসানুজ্জামান সোহাগ, সাবেক লাইব্রেরি সম্পাদক রকিবুল ইসলাম, সহসভাপতি সালাউদ্দিন, রাজু আহম্মেদ, সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, সাংগঠনিক সম্পাদক সাব্বির আহম্মেদ মুন্না, অর্থ সম্পাদক আসিফ ইকবাল শুভ, লাইব্রেরি সম্পাদক মাহফুজ ইমন, মুস্তাকিন আলী, নাজমুল হোসাইন, কানিজ সুবর্না তন্নি, নাইমা শ্রাবনী, মুস্তাকিম, আল মামুন,সদস্য পিয়াস, রাকিব, সাব্বির, অন্তর, রাজিব ,জিহাদ প্রমুখ।

মেহেরপুরে কোরবানীর শেষ হাটে

ক্রেতাদের ভিড়, দাম চড়া

কোরবানীর আর মাত্র ১ দিন বাকী তাই শেষ মুহুর্তে ক্রেতারা ভিড় করছে মেহেরপুরের হাটগুলোতে। গত তিনবারের পশুর হাট গুলোর থেকে শেষ দিনে আরো জমে উঠেছে মেহেরপুর জেলার গরুর হাটগুলো। তবে গরুর দাম তুলনামূলক বেশি হওয়ায় ক্রেতাদের হতাশ হয়ে বাড়িতে ফিরতে হচ্ছে।

কোরবানি নিকটে তাই ক্রেতা বিক্রেতা সকলেই ছুটছে পশুর হাটে। মেহেরপুরে প্রচুর গরু থাকলেও বেশী দামের আশায় অধিকাংশ গরু চলে যাচ্ছে বড় বড় জেলার হাটগুলোতে। ফলে এবার স্থানীয় হাটে গরুর দাম একটু চড়া বলে জানান বেপারীরা।

গতকাল শুক্রবার মেহেরপুরের পশুহাট ঘুরে দেখা যায়, বাঁশের খুঁটিতে বাঁধা রয়েছে গরু। অনেকেই এসেছেন বিক্রি এবং ক্রয় করতে। আবার কেউ কেউ এসেছেন কোরবানীর পশু দেখতে। অনেকেই ফিরে যাচ্ছে গরুর দাম সাধ্যের থেকে বেশি হওয়ায়।
এবিষয়ে মেহেরপুর সদর উপজেলা কুলবাড়িয়া গ্রামের গরু ক্রেতা জুয়াদ হোসেন বলেন, এই হাটে তেমন একটা ভালো গরু আমার চোখে পড়েনি। তাছাড়াও গরুর দাম আগের থেকে তুলনামূলক অনেক বেশি। সাইজ অনুযায়ী গরুর দাম প্রায় ডবল চাচ্ছে বেপারিরা।

মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা গ্রাম থেকে গরু কিনতে আসা আনোয়ার হোসেন বলেন, গরুর দাম অনেক বেশি। মধ্যবিত্তদের কুরবানী দেওয়া অনেক কষ্টসাধ্য। তাও মনের মতো গরু না পাইলেও একটি কেনা হয়েছে। দাম পড়ছে ৭৫ হাজার টাকা।

তবে ব্যবসায়ীরা জানাচ্ছেন ভিন্ন কথা। এবিষয়ে দিঘির পাড়ার গরু ব্যবসায়ী মোঃ সরিফুল বলেন, এবারকার হাটে গরু ক্রেতার অভাব নেই। মানুষ প্রচুর গরু কিনছে এইবার। এর আগের দিন গুলোতেও ভালো ব্যবসা করেছি। আজকে ২ টা গরু এনেছি এখনো বিক্রি করতে পারি নি। বেশির ভাগ মানুষ এড়ে গরু কিনছে আমি বকন এনেছি তাই ক্রেতা আসছে না।

মেহেরপুর সদর উপজেলা রায়পুর গ্রামের গরু ব্যবসায়ী আশরাফ শেখ বলেন, আজকে হাটে ২১ টা গরু বিক্রির জন্য এনেছি এখন আর ১০ টা গরু বিক্রির জন্য রয়েছে। এর আগের হাটগুলোর থেকে আজ ক্রেতার সংখ্যা অনেক বেশি। প্রতিটি গরু বিক্রি হচ্ছে ৮০ হাজার থেকে ১ লক্ষ টাকা

পর্যন্ত। এছাড়াও আমি দেশের বিভিন্ন জেলার হাটে গরু পাঠিয়েছি।

সদর উপজেলা শালিকা গ্রামের গরু বেপারী মিয়ারুল ইসলাম বলেন, গরু ৬ টা আনা হয়েছিলো ২ টা বেচতে পেরেছি। কোরবানী ঈদের শেষ হাটে বেচাকেনা অনেক ভালো যাচ্ছে। ক্রেতার অভাব নেই। এর আগের হাটগুলোও ভালো গেছে আজকেও ভালো যাচ্ছে। গরু কেনা পড়েছিলো ৩০ থেকে ৪০ হাজার এখন বিক্রি করছি ৮০ থেকে ৯০ হাজারের মধ্যে।

দারিয়াপুর গ্রামের গরু ব্যবসায়ী মহিব পাল জানান, বাজারে প্রচুর গরু হয়েছে সেই অনুযায়ী পর্যাপ্ত ক্রেতাও আছে। আমি ১১ টা গরু এনে ৮ টি বিক্রি করে ফেলেছি। আজ বেশির ভাগ ক্রেতা আসছে কসাই।

মুজিবনগরে মোবাইল ফোন কিনে না দেওয়ায় এএসসি পরীক্ষার্থীর আত্মহত্যা

মোবাইল ফোন কিনে না দেওয়ায় আয়েশা আক্তার রিতু (১৫) নামের এসএসসি পরীক্ষার্থী গলাই ওড়না পেচিয়ে আত্মহত্যা করেছেন।

আয়েশা আক্তার রিতু মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের উত্তরপাড়া এলাকার রাজমিস্ত্রি রিপন মন্ডলের মেয়ে ও স্থানীয় দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী।

আজ শুক্রবার (৮ জুলাই) দুপুরের দিকে টিনের ঘরে নিজ কক্ষের আড়ার সাথে ওড়না পেঁচানো ঝুলন্ত মরদেহ দেখে পুলিশকে খবর দিলে মুজিবনগর থানা পুলিশের একটি ইউনিট তার মরদেহ উদ্ধার করে। তবে, কোনো অভিযোগ না থাকায় পরিবারের লোকজনের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।

দারিয়াপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের সাবেক মেম্বর মাসুদ রানা মানিক রিতুর মা কবিতা খাতুনের উদ্ধৃতি দিয়ে জানান, মায়েশা আক্তার রিতু বেশ কিছুদিন যাবৎ একটি মোবাইল ফোন নেওয়ার জন্য পিতা মাতার কাছে চাপ দিয়ে আসছিলো। এই সময়ে পিতা মাতার হাতে টাকা পয়সা নেই। এছাড়া

এসএসসি পরীক্ষার পরে তাকে মোবাইল ফোন কিনে দেবেন বলে জানিয়েছিলেন পিতা মাতা। মোবাইল ফোন কিনে না দিলে আত্মহত্যা করবে বলেও আজ সকালের দিকে বাবা মাকে হুমকী দিয়েছিল রিতু। বাবা ঘরে না থাকার সুযোগে রিতু নিজ কক্ষের আড়ার সাথে ওড়না পেচিয়ে আত্মহত্যা করে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রাসেল মেহেদী জানান, কোনে অভিযোগ না থাকায় ময়না তদন্ত ছাড়াই নিহতের মরদেহ পিতা মাতার নিকট দেওয়া হয়েছে। এব্যাপারে থানায় একটি অপমৃত্যু মামলা নেওয়া হয়েছে।